

স্বাধীনতার যুদ্ধে বাংলাদেশ বহু দেশের প্রাপ্য সমর্থন পায়নি ॥ ক্লিনটন

জনকণ্ঠ রিপোর্ট ॥ মার্কিন রাষ্ট্রপতি বিল ক্লিনটন পরোক্ষভাবে স্বীকার করলেন '৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা সঠিক ছিল না।

সোমবার ঢাকা সফরকালে প্রধানমন্ত্রীর অফিসে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনের শুরুতে তিনি যে বিবৃতি পাঠ করেন তাতে তিনি বলেন, ২৯ বছর আগে এই মাসে বাংলাদেশ তার অস্তিত্ব রক্ষার জন্য প্রচণ্ড প্রতিবন্ধকতার বিরুদ্ধে একাকী যুদ্ধ শুরু করেছিল। এর নেতৃত্ব দেন প্রধানমন্ত্রীর পিতা শেখ মুজিবুর রহমান-যাঁর আবেগ এবং অস্বীকার জনগণকে ঐক্যবদ্ধ করেছিল। ক্লিনটন আরও বলেন, এই যুদ্ধে বিশ্বের বহু দেশের সমর্থন প্রাপ্য ছিল, কিন্তু বাংলাদেশ এ সমর্থন পায়নি।

উল্লেখ করা যেতে পারে, '৭১-এর মুক্তিযুদ্ধের সময় নিষ্পনের নেতৃত্বাধীন আমেরিকার রিপাবলিকান সরকার এর বিরোধিতা করে পাকিস্তানের পক্ষ নিয়েছিল। তবে মিঃ ক্লিনটনের দল ডেমোক্র্যাটিক পার্টি এবং সামগ্রিকভাবে মার্কিন জনগণ বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে অবস্থান নিয়েছিল।